## ৩.৬ সেবার নাম: সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই

### ৩.৬.১ সেবা প্রোফাইল

| সেবা প্রদানকারী অফিসের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | সেবাপ্রাপ্তির স্থান | প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|
| ১. উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়<br>২. জেলা সমবায় কার্যালয়<br>৩. সমবায় অধিদপ্তর | ১. উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>৩. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | উপজেলা/মেট্রোপলিটন থানা/ জেলা সমবায় কার্যালয়/ সমবায় অধিদপ্তর | ৫-৭০ দিন |

| | | |
|---|---|---|
| **সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ** | | প্রতি সমবায় বর্ষে (জুন-জুলাই) সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাইয়ের বাধ্যবাধকতা রয়েছে। এই সেবা পেতে কোনো সমবায় সমিতিকে আবেদন করতে হয় না। জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক, কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত মূলধনের পরিমাণ ৫০,০০০/- টাকার উর্ধ্বে হলে জেলা সমবায় অফিসার এবং যেসমস্ত প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত মূলধন ৫০,০০০/- টাকার নিচে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার স্ব স্ব অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের প্রতিবছর এপ্রিল-মে মাসে অডিট অফিসার নিয়োগ/অডিট বরাদ্দ প্রদান করে থাকেন।<br><br>বরাদ্দপ্রাপ্ত বা নিয়োগকৃত অডিট অফিসার কর্তৃক অডিট নোটিশ জারি এবং নোটিশে উল্লিখিত নির্ধারিত সময়ে সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই করে সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাইয়ের প্রতিবেদন প্রস্তুত করে সংশ্লিষ্ট সমবায় অফিস ও সমিতির দপ্তরে প্রেরণ করেন। |
| **সেবাপ্রাপ্তির শর্তাবলি** | | সমবায় বিভাগ হতে নিবন্ধিত সমবায় সমিতি হতে হবে |
| **প্রয়োজনীয় কাগজপত্র** | | সমিতির জুলাই থেকে জুন পর্যন্ত বার্ষিক জমা-খরচ হিসাব, লাভ-ক্ষতি হিসাব, লাভ-ক্ষতির আবন্টন হিসাব, ব্যবসায়িক হিসাব, উদ্বৃত্তপত্র, শেয়ার, সঞ্চয়, কর্জ, সুদ ও অন্যান্য হিসাবের বিস্তারিত বিবরণী, ব্যাংকের বার্ষিক বিস্তারিত হিসাব ও ব্যাংক সমতাকরণ বিবরণী, সমবায় সমিতি বিধিমালা,২০০৪ এর ৫৬ বিধি মোতাবেক সমিতির রেজিস্টার ও বহিসমূহ ও অন্যান্য রেকর্ডপত্র। |
| **প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ** | | সম্পাদিত অডিট প্রতিবেদনে উল্লিখিত নিট লাভের অডিট ফি-১০% ধার্যকৃত অডিট ফি এর ওপর ভ্যাট ৫% সিডিএফ ৩% |
| **সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা** | | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ |
| **নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা** | | প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে যুগ্ম-নিবন্ধক, জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| **সেবা প্রদান/ প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ** | **ক) নাগরিক পর্যায়** | সমবায় আইন ও বিধির আলোকে হিসাব বিবরণী প্রস্তুত এবং রেকর্ডপত্র হালনাগাদ করতে না পারা |
| | **খ) সরকারি পর্যায়** | সমিতিগুলো কর্তৃক সমবায় আইন ও বিধির আলোকে হিসাব বিবরণী প্রস্তুত এবং রেকর্ডপত্র হালনাগাদ না থাকা |
| **বিবিধ/অন্যান্য** | | |